সভাপতি খাজা আবুল হাসনাত সাধারন সম্পাদক আহম্মদ আলী

চুয়াডাঙ্গা সদর উপজলার বেগমপুর ইউনিয়ন পরিষদ চত্বরে গতকাল রবিবার বিকেলে দর্শনা থানা বিএনপি’র দ্বি-বাষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

জেলা বিএনপি’র সদস্য আব্দুল জবার সোনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেক বক্তব্য রাখেন জেলা বিএনপি’র আহবায়ক মাহামুদ হাসান খান বাবু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানা বিএনপি’র প্রধান সম্বয়কারী বীরমুক্তিযোদ্ধো খাজা আবুল হাসনাত, জীবননগর উপজলা বিএনপি’র সভাপতি আনোয়ার হোসেন খান, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনি, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সম্বয়কারী হাবিবুর রহমান বুলেট, জেলা বিএনপি’র সদস্য আবুল কালাম, দর্শনা থানা বিএনপি’র সদস্য আহম্মদ আলী, জেলা বিএনপি’র সদস্য রফিকুল হাসান তনু, মাহাত্তাব আলী, শাহাজান কবির, আবুল হাসান তুয়া, নজরুল ইসলাম, ফরিদুল ইসলাম শিপলু, আবু বক্কর ছিদ্দিক, আজিজুল হক পিটু।

জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আ.মমিন মালিথার উপস্পনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দর্শনা থানা বিএপি’র সম্বনয় টিম সদস্য আকতার হোসেন, স্বেছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিন্টু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক ছাইফুর রশিদ ঝটু, কুড়ালগাছী ইউনিয়ন সভাপতি আব্দুর রশিদ, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, মদনা ইউনিয়ন সভাপতি শফিউল্লা শফি,সাধারণ সম্পাদক আজিবর রহমান, বেগমপুর ইউনিয়ন সভাপতি আসাবুল হক, সাধারণ সম্পাদক আব্দুর রহিম, তিতুদহ ইউনিয়ন সভাপতি মিলন মিয়া, সাধারণ সম্পাদক আবুল হাশেম টোটন, নেহালপুর ইউনিয়ন সভাপতি ফরজ আলী, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, গড়াইটুপি ইউনিয়ন সভাপতি মহবত আলী, সাধারণ সম্পাদক সফিকুল ইসলাম, দর্শনা থানা যুবদলের আহবায়ক জালাল উদ্দিন লিটন, সদস্য সচিব সাজেদুর রহমান মিলন, দর্শনা পৌর যুবদলের আহবায়ক ফারুক হোসেন, সদস্য সচিব জালাল উদ্দিন, থানা স্বেছাসেবক দলের আহবায়ক মজনুর রহমান, আব্দুর আলী, সামসুল ইসলাম, আজিজুল হক, জিল্লুর রহমান, জালাল উদ্দিন, কুদ্দুস আলী, জামাল, আবু বক্কর, বিএনপি’র অন্যতম নেতা আসলাম উদ্দিন প্রমুখ।

বক্তব্য শেষ থানা বিএনপি’র সুপার ফাইভ সদস্যদের ভোটাভুটির মাধ্যমে বীরমুক্তিযাদ্ধা খাজা আবুল হাসনাতকে সভাপতি, আক্তার হোসেনকে সিনিয়র সহসভাপতি, বীরমুক্তিযাদ্ধা সাবেক চেয়ারম্যান আহম্মদ আলীক সাধারণ সম্পাদক, খাইরুল ইসলামকে যুগসাধারণ সম্পাদক ও মহিদুল ইসলাম জোয়ার্দ্দারকে সাংগাঠনিক সম্পাদক করে সুপার ফাইভ দর্শনা থানা বিএনপি কমিটির নাম ঘোষনা করেন জেলা কমিটি।

স্বতন্ত্র প্রার্থী আব্দুল কাদেরের সংবাদ সম্মেলন করে প্রার্থিতা প্রত্যাহার

দর্শনা পৌরসভা উপনির্বাচনে মেয়র পদে স্বতন্ত্র প্রার্থী আব্দুল কাদের(৫৫) দর্শনা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে প্রার্থিতা প্রত্যাহার করেছে। তিনি দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের ইউছুফ আলীর ছেলে ও বাংলাদেশ জামায়াত ইসলামি সমর্থীত প্রার্থী ছিলেন। দর্শনা পৌর উপ-নির্বাচনে স্বতন্ত্র মেয়র প্রার্থী ছিলেন।

গতকাল রোববার দুপুর ১ টার দিকে দর্শনা পেসক্লাবের সংবাদ সম্মেলনের মাধ্যমে তিনি তার প্রার্থিতা প্রত্যাহারের ঘোষণা দেন।

আব্দুল কাদের তার লিখিত বক্তব্যে বলেন,দর্শনা পৌরসভা উপনির্বাচনে বাংলাদেশ জামায়াতের দলীয় স্বতন্ত্র মেয়র প্রার্থী হিসেবে নির্বাচন মনোনয়ন পত্র সংগ্রহ করি। গত শুক্রবার রামনগরে আমার দলের নেতা কর্মী সমর্থক নিয়ে গণ সংযোগ করছিলাম। এ সময় আওয়ামী লীগ নেতা ফয়সাল ও ফলেয়ার সহ বেশ কিছু লোকজন তাদের শারীরিকভাবে লাঞ্ছিত করে এবং বিভিন্ন ভাবে আমার প্রাণনাশের হুমকি দেয়। এছাড়া গত শনিবার দুপুরে দর্শনা পৌর জামায়াতে আমির সাহিকুল আলম অপু ও ছানোয়ারসহ দুজন নেতাকর্মী কে গ্রেফতার করে পুলিশ। বর্তমানে দর্শনা পৌর উপ- নির্বাচনে নির্বাচনীয় পরিবেশ না থকায় আমার প্রার্থিতা প্রত্যাহার করছি।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার আব্দুল কাদেরের নির্বাচন

পরিচালনার পরিষদের আহবায়ক আসকার আলী, পৌর জামায়তের ভারপ্রাপ্ত আমির গোলজার হোসেন।

দামুড়হুদা জয়রামপুরে দুটি ফার্মাসীতে ভ্রাম্যমান আদালতে জরিমানা

দামুড়হুদা জয়রামপুরে ভ্রাম্যমান আদালতের অভিযান শেখ হারবাল সহ দুই দোকানে জরিমানা করা হয়েছে রবিবার বিকালে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঠালতলা ও জয়রামপুর স্টেশন বাজারে দীর্ঘ সময় ধরে চলে ঔষধ প্রশাসনের অভিযান।

এই অভিযান চলাকালে জয়রামপুর কাঁঠালতলা বাজারে শেখ মেডিকেলে মেয়াদ উত্তীর্ণ ঔষধের জন্য ৩ হাজার টাকা জরিমানা করা হয়। শেখ মেডিকেলের মালিক ইমতিয়াজ হোসেনের বড় ভাই ডাক্তার ইমরানকে চিকিৎসা দেওয়ার কোন অনুমতি না থাকা সত্ত্বেও চিকিৎসা দেওয়ার কারণে ৫০০০ টাকা জরিমানা করা হয়।

এছাড়া জয়রামপুর রেলস্টেশন বাজারে ফিরোজ মেডিকেলে মেয়াদোত্তীর্ণ ঔষধ এর জন্য ১৫শত টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা সহকারি ঔষধ প্রশাসন কে, এম, মুহনীনিন মাহবুব। এ অভিযানে সহকারী হিসেবে অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস।

এই বিষয়ে চুয়াডাঙ্গা সহকারি ঔষধ প্রশাসনের কাছে জানতে চাইলে তিনি বলেন, মানুষের মৌলিক চাহিদার একটি হচ্ছে চিকিৎসা। এই দেশের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিরলস কাজ করে চলেছে । আপনারাও সচেতন হন। পরবর্তীতে তারা যেন বিনা অনুমতিতে চিকিৎসা ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রি না করে সেই দিকে লক্ষ্য রাখবেন। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]

জীবননগরে ৬ ইউপি নির্বাচনে চেয়ারম্যানসহ ২৬৭ প্রার্থীর মনোনয়ন জমা

আগামী ১৬ মাচ অনুষ্ঠিত হতে যাচ্ছে জীবননগর উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদের নির্বাচন। আর এই নির্বাচনে ৬টি ইউনিয়নে চেয়ারম্যান পদে মোট ৩১ জন, মেম্বার পদে ১৮০ জন এবং সংরক্ষিত মহিলা পদে ৫৬ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

রোববার মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন বিকেল পর্যন্ত প্রার্থীরা উপজেলা রিটার্নিং কর্মকর্তা মোঃ মেজর আহম্মেদের কাছে তাদের মনোনয়ন পত্র জমা দেন।

জীবননগর উপজেলা রিটার্নিং কর্মকর্তা মোঃ মেজর আহম্মেদ বলেন, জীবননগর উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন পর্যন্ত মোট ২৬৭ জন প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করেছেন। এদের মধ্যে চেয়ারম্যান পদে রয়েছে ৩১ জন, মেম্বার পদে রয়েছেন ১৮০ জন এবং সংরক্ষিত মহিলা পদে রয়েছেন ৫৬ জন প্রার্থী। আগামীকাল সোমবার দাখিলকৃত মনোনয়ন পত্র যাচাইবাছাই করা হবে।’

উপজেলা নির্বাচন অফিসের তথ্যমতে, ৬টি ইউনিয়নের চেয়ারম্যান পদে মনোনয়ন পত্র দাখিলকৃত প্রার্থীরা হলেন- উথলী ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থী আব্দুল হান্নান, স্বতন্ত্র প্রার্থী আবুল কালাম আযাদ, স্বতন্ত্র প্রার্থী আফজালুর রহমান, স্বতন্ত্র প্রার্থী শাখাওয়াত হোসেন, স্বতন্ত্র প্রার্থী মোঃ আব্বাস উদ্দিন জোয়াদ্দার,লিমন ফেরদৌস ।

মনোহরপুর ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থী সোহরাব হোসেন খান, স্বতন্ত্র কামরুজ্জামান, স্বতন্ত্র প্রার্থী মোঃ রাজা মিয়া,ইসলামী আন্দোলনের আবু নাঈম ।

কে,ডি,কে ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থী মোঃখাইরুল বাশার শিপলু, স্বতন্ত্র প্রার্থী মোঃ তানভির

হোসেন, স্বতন্ত্র প্রার্থী মোঃ মহিবুল হক।

বাকা ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থী আব্দুল কাদের প্রধান, স্বতন্ত্র প্রার্থী মোঃ আবুল কাশেম মুন্সী,স্বতন্ত্র প্রাথী মাওলানা হাফিজুর রহমান, স্বতন্ত্র প্রার্থী রাজা আহাম্মেদ, স্বতন্ত্র প্রার্থী মোঃ শামীম হোসেন, স্বতন্ত্র প্রার্থী মোঃ শাহাববুদ্দিন মালিতা, স্বতন্ত্র প্রার্থী মোঃ তরিকুল ইসলাম।

হাসাদহ ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থী রবিউল ইসলাম, স্বতন্ত্র প্রার্থী মোঃসোহরাব বিশ্বাস ,স্বতন্ত্র প্রাথীমোঃ ইসরাফিল হুসাইন, স্বতন্ত্র প্রার্থী মোঃ সামছুল আলম, স্বতন্ত্র প্রার্থী মোঃ বাবুল আকতার টলো,জাতীয় পাটির মোঃ মতিয়ার রহমান ।

রায়পুর ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রাপ্ত প্রার্থী তাহাজ্জদ মিজা, স্বতন্ত্র প্রার্থী মোঃ আব্দুর রশিদ শাহ ,স্বতন্ত্র প্রাথী সাজ্জাদ বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী মোঃ সাজ্জাদ হোসেন, স্বতন্ত্র প্রার্থী মোঃ আব্দুল হান্নান।

জীবননগরে জামায়াতের ১২ নেতা কর্মী গ্রেফতার

নাশকতার প্রস্তুতির সময় জীবননগর থেকে জামায়াতের ১২ নেতা-কর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় ৪টি বোমা সাদৃশ্য বস্তু ও জিহাদী বই উদ্ধার করা হয়। গতকাল শনিবার সন্ধা থেকে রাত পর্যন্ত জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের বিভিন্ন স্থান থেকে তাদের আটক করে পুলিশ।

আটককৃত আসামীরা হলেন, হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামের সাইদুল ইসলাম, মারুফদাহ গ্রামের মোঃ শাহ আলম,বালিহুদা গ্রামের মোঃ ফজলুর রহমান, নতুন চাকলা গ্রামের মোঃ আতিকুর রহমান মন্টু, কাটাপোলা গ্রামের মোঃ মিনাজ উদ্দিন, বৈদ্যনাথপুর গ্রামের ওলিউর

রহমান, সীমান্ত ইউনিয়নের নতুনপাড়া গ্রামের রেজাউল করিম, বেনীপুর গ্রামের সাবেকি ইউপি সদস্য মোঃ রবিউল হোসেন, গোয়ালপাড়া গ্রামের সাবেক ইউপি সদস্য মোঃ জহুর আলম,যাদবপুর গ্রামের মইনুদ্দিন,জীবননগর পৌর সভার আশতলা পাড়ার মোঃ নুরুজ্জামান বিশ্বাস এবং উথলী ইউনিয়নের মৃগমারী গ্রামের মোঃ হাসানুজ্জামানকে আটক করে পুলিশ।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কমকতা (ওসি) মোঃ আব্দুল খালেক বলেন, গতকাল শনিবার সন্ধায় জামায়াতের নেতা-কর্মীরা নাশকতার পরিকল্পার প্রস্তুতি নিচ্ছে এমন সংবাদ পায় পুলিশ। জীবননগর থানার এসআই রায়হান সঙ্গীয় ফোর্স নিয়ে জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের বৈদ্যনাথপুর গ্রামের একটি আম বাগানে অভিযান চালায়। জামায়াতের প্রায় ৬০/৭০ জন নেতা- কর্মী নাশকতার পরিকল্পনার প্রস্তুতি নিচ্ছিল। এসময় তারা পুলিশের উপস্থিতি টেরে পেয়ে পালিয়ে যাওয়ার সময় বেশ কয়েক জনকে আটক করে।

পরে উপজেলার মাধবপুর ও হাসাদহ এলাকায় অভিযান চালিয়ে ১২ জামায়াতের নেতা-কর্মীকে আটক করে। গ্রেফতারকৃতদের রোববার দুপুরে আমলী জীবননগর আদালতে সোপর্দ করা হয়। এবং তাদের কাছ থেকে ৪টি বোমা সাদৃশ্য বস্তু ও বেশ কিছু জিহাদি বই উদ্ধার করা হয়েছে।

এঘটনায় পুলিশ বাদী হয়ে বিস্ফোরক ও বিশেষ ক্ষমতা আইনে ৩৪ জনের নাম উল্লেখসহ আর ৩৫ জনকে অজ্ঞাত আসামি করে মামলা দায়ে করেছে। তিনি আরও বলেন, এধরনের অভিযান অব্যাহত থাকবে।

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন অবহিতকরণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সফল করার লক্ষ্যে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কন্ফারেন্স রুমে অবহিতকরণ সভা

অনুষ্ঠিত হয়।
দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপার সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: বেলাল উদ্দীন, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা হোসনে মোবারক শিলন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-দপ্তর সম্পাদক ইমরান হোসেন।

উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিনের সঞ্চালনায় সভায় এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য পরিদর্শক খন্দকার ময়নুদ্দীন, মুফতিলুর রহমান, সিনিয়র স্টাফ নার্স নাজমা খাতুন, পরিবার পরিকল্পনা পরিদর্শক আতিকুর রহমান, আবুল কালাম আজাদ, মতিয়ার রহমান, হাসানুল আলম। সার্বিক সহযোগিতায় ছিলেন এএসএম ফারুক আহমেদ।

সভায় আজ রবিবার ২০ ফেব্রুয়ারী উপজেলার ১৬৯ টি কেন্দ্র থেকে ৬-১১ মাস বয়সী ৩৭১০ জন শিশুকে ১ লাখ পাওয়ারের একটি করে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী ২৭৩০১ জন শিশুকে ২ লাখ পাওয়ারের একটি করে লাল রঙের ভিটামিন-এ প্লাস ক্যাপসুল খাওয়ানো পরিকল্পনা রয়েছে বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

দামুড়হুদায় হাউলী বিট পুলিশিং উঠান বৈঠক অনুষ্ঠিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” তথ্য দিন সেবা নিন, এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর বাজারে “হাউলী বিট পুলিশিং উঠান বৈঠক” অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা মডেল থানার আয়োজনে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এসআই মারজান আল মোনায়েম এর সভাপতিত্বে উক্ত উঠান বৈঠক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার এসআই শেখর চন্দ্র মল্লিক।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউপি সদস্য রিকাত আলী। এসময় আরও উপস্থিত ছিলেন এসআই ওবায়দুর রহমান, এএসআই আলমগীর হোসেন বাবু সহ এলাকার গণ্যমান্য ব্যক্তি বর্গ।

এসময় উঠান বৈঠকে বাল্যবিবাহ, চুরি, ইভটিজিং, মাদক, মেয়েছেলের প্রেমঘটিত পলায়ন, সামাজিক শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা, একে অপরের প্রতি স্মমান, স্নেহ প্রদর্শন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া জরুরী প্রয়োজনে ৯৯৯ নাম্বারে ফোন করা, বিট অফিসার ও থানা পুলিশকে যেকোনো সময়ে যেকোন সমস্যায় অবহিত করার জন্য বলা হয়।

চুয়াডাঙ্গায় এসএসসি ও সমমানে জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

চুয়াডাঙ্গায় উৎসবমুখর পরিবেশে প্রথম আলো ও শিখো এর পক্ষ থেকে এসএসসি ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

রবিবার সকাল ৮টায় চুয়াডাঙ্গা সদরের ঘোড়ামারা এলাকায় অবস্থিত ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর প্রাঙ্গণে শুরু হয় সংবর্ধনা ও আনন্দ আড্ডা উৎসব।

এ অনুষ্ঠানে অংশ নিতে চুয়াডাঙ্গা জেলার ১ হাজার ১০৯ জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী নিবন্ধন করে। সকাল আটটায় অনুষ্ঠান শুরুর কথা থাকলেও সকাল সাড়ে সাতটার মধ্যে কৃতী শিক্ষার্থীদের অনেকেই পৌঁছে যায় অনুষ্ঠানস্থলে। অনেক শিক্ষার্থীর সঙ্গে তাদের অভিভাবকও

এসেছেন। সেখানে শিক্ষার্থীদের সংবর্ধনা এবং আনন্দ আড্ডা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করে তারা।

কৃতী শিক্ষার্থীদের পক্ষে স্বাগত বক্তব্যে মো. কামরুল ইসলাম বলেন, এমন সুন্দর আয়োজন করার জন্য প্রথম আলো ও শিখো প্রতি অশেষ কৃতজ্ঞতা। আগামী দিনগুলোতেও প্রথম আলোকে এভাবে পাশে চাই।

অনুষ্ঠানস্থলে এসে শিক্ষার্থীরা নির্দিষ্ট বুথের সামনে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে সনদ, ক্রেস্ট ও স্ন্যাক্স বক্স সংগ্রহ করে। সকাল ১০টায় জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। এ সময় অতিথি, কৃতী শিক্ষার্থী ও অভিভাবকেরা দাঁড়িয়ে এতে গলা মেলান।

চুয়াডাঙ্গা বন্ধুসভার সদস্য নুসরাত জাহান করবীর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন প্রথম আলোর চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ আলম। শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে মঞ্চে বক্তৃতা করেন ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর উপাচার্য মোফাজ্জেল হোসেন, বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার, সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের গণিত বিষয়ের শিক্ষক মো. হাসানুজ্জামান হাসান, প্রথম আলোর উপ-সম্পাদক লাজ্জাত এনাব মহছি প্রমুখ।

বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার বলেন, ভেন্যু হিসেবে প্রথম আলো কর্তৃপক্ষ আমাদের বেছে নেওয়ায় বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমরা চাই, আগামী দিনগুলোতে প্রথম আলোর ভালো কাজের সহযোগী হতে।

শিক্ষার্থীদের এ সাফল্য উদযাপন করতে সাংস্কৃতিক পর্বে ছিল শান্ত আহম্মেদ, নুসরাত জানান, আরাফাত ফাগুন ও বলাকা ঘোষের নানা পরিবেশনা। বক্তৃতার ফাঁকে ফাঁকে চলে কৃতী শিক্ষার্থী ও বন্ধুসভার সদস্যদের অংশগ্রহণে নাচ, গান ও কবিতা আবৃত্তি।

প্রথম আলো ও শিখো ব্যবস্থাপনায় দেশের প্রতিটি জেলায় এসএসসি ও সমমান ২০২২ সালের পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত হচ্ছে।

দামুড়হুদায় কলেজ ছাত্রীকে অপহরণ থানায় এজাহার দায়ের

দামুড়হুদা উপজেলার কুশাঘাটা গ্রামের নজরুল ইসলামের মেয়ে আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ১ম বর্ষের ছাত্রী যুথি খাতুনকে অপহরনের অভিযোগ। একই উপজেলার দামুড়হুদা সদর ইউনিয়নের উজিরপুর দীঘির পাড়া গ্রামের আব্দুল আজিজ এর বখাটে ছেলে বাবু আলী। কলেজে যাওয়ার পথে বিভিন্ন সময় উত্যক্ত সহ- প্রেম নিবেদন করে।

কলেজ ছাত্রী যুথি খাতুন তার প্রস্তাব প্রত্যাখান করায় ক্ষিপ্ত হয়ে বাবু (২২) তাকে অপহরনের হুমকি দেয়। কলেজ ছাত্রীর বাবা নজরুল ইসলাম বিষয়টি বাবু আলীর পরিবারের কাছে বিচার দিলে আরো বেপরোয়া হয়ে যায় বাবু, পরবর্তিতে ১৪ ফেব্রুয়ারি মঙ্গলবার আনুমানিক রাত ৯ টার দিকে বাড়ির পাশ থেকে অপহরন করে নিয়ে যায়।

এ ঘটনায় কলেজ ছাত্রীর বাবা বাদি হয়ে দামুড়হুদার মডেল থানায় বাবু আলীকে প্রধান আসামি সারজেত আলী সহ- ৪/৫ জনের নাম উল্লেখ করে আসামি করে একটি অপহরনের এজাহার দায়ের করেছে।

এজাহারে বলা হয়, ১৪ই ফেব্রুয়ারি আনুমানিক রাত ৯ টার দিকে প্রকৃতির ডাকে নিজ বাড়িতে রাস্তা সংলগ্ন পায়খানার নিকট পৌছাইলে পূর্বে থেকে ওৎ পেতে থাকা বাবু আলী তার ভাড়াটে বাহিনী নিয়ে অস্ত্রের মুখে জিম্মি করে ইচ্ছার বিরুদ্ধে জোর পৃর্বক অপহারন করে ইজি বাইক গাড়ীতে উঠাইয়া নিয়ে যায়। এসময় আমার মেয়ের আত্নচিৎকার শুনিয়া আমি ঘটনাস্থলে পৌছানোর পূর্বেই বাবু আলী আমার মেয়েকে উক্ত ইজি বাইক যোগে দ্রুত চলিয়া যায়।

এ বিষয়ে দামুড়হুদার মড়েল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, একটি অভিযোগ পাওয়া গেছে। তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।